



Sub: Bengali Text Work Sheet-3

Class: 6

Date: 05.05.2020

## বঙ্গভূমির প্রতি

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'নাহি মা \_\_\_\_\_ শমনে'; - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) লভি (খ) ডরি  
(গ) ভীত (ঘ) সহি
- ২। 'শমন' শব্দের অর্থ হল —  
(ক) যম/মৃত্যুর দেবতা (খ) লজ্জা  
(গ) পরাজয় (ঘ) শত্রু
- ৩। 'মক্ষিকাও গলে না গো ....' — 'মক্ষিকা' শব্দের অর্থ হল —  
(ক) ভ্রমর (খ) মশা  
(গ) প্রজাপতি (ঘ) মাছি
- ৪। 'পড়িলে \_\_\_\_\_।' শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) শত্রুমাঝে (খ) সমুদ্রমাঝে  
(গ) অমৃত-হৃদে (ঘ) পদতলে
- ৫। 'অমৃত-হৃদ' বলতে বোঝায় —  
(ক) ক্ষীর সমুদ্র (খ) অমৃতপূর্ণ হৃদে  
(গ) দুধসাগর (ঘ) পক্ষিল জলাশয়
- ৬। 'সেই \_\_\_\_\_ নরকূলে' — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) ধন্য (খ) শ্রেষ্ঠ  
(গ) খ্যাত (ঘ) মুগ্ধ
- ৭। 'নরকুল' শব্দের অর্থ হল —  
(ক) নারী সমাজ (খ) বানর সমাজ  
(গ) যুব সমাজ (ঘ) মানব সমাজ
- ৮। 'মনের \_\_\_\_\_ সদা সেবে সর্বজন।' — শূন্যস্থানে বসবে —  
(ক) মাঝারে (খ) অন্তরে  
(গ) মন্দিরে (ঘ) গহনে
- ৯। 'যাচিব' শব্দের অর্থ হল —  
(ক) চেয়ে নেওয়া (খ) যাচাই করা  
(গ) সন্দেহ করা (ঘ) প্রশ্ন করা
- ১০। 'অমরতা' শব্দের অর্থ হল —  
(ক) আমৃত্যু (খ) মরতে অনিচ্ছা  
(গ) মৃত্যুহীনতা (ঘ) স্মরণীয়

- ১১। 'কহ, গো, শ্যামা জন্মদে,' — 'শ্যামা জন্মদে' শব্দের অর্থ হল —  
(ক) শ্যামা মায়ের জন্মস্থান (খ) শ্যামলবরণী জন্মদাত্রী  
(গ) শ্যামা মায়ের আশীর্বাদ (ঘ) মায়ের শ্যামল বরণ
- ১২। তবে যদি দয়া কর, \_\_\_\_\_ দোষ, গুণ ধর' — শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) শত (খ) যত  
(গ) মোর (ঘ) ভুল
- ১৩। 'অমর করিয়া বর দেহ দাসে সুবরদে!' 'সুবরদে' শব্দের অর্থ কি?  
(ক) যিনি ভাল আশীর্বাদ দান করেন (খ) সুমহান  
(গ) সুন্দর মনের (ঘ) সুভাষিনী
- ১৪। 'মধুময় তামরস' — 'তামরস' শব্দের অর্থ হল —  
(ক) মধুভাগু (খ) পদ্মফুল  
(গ) ফুলের রেণু (ঘ) অমৃতরস
- ১৫। 'কি বসন্তে কি \_\_\_\_\_!' শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) হেমন্তে (খ) বরষণে  
(গ) শরদে (ঘ) দিনান্তে

Amit Kundu

\*\*\*\*\*